# উপ পরিচালকের কার্যালয়


**পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন(পিডিবিএফ)**

**কিশোরগঞ্জ অঞ্চল।**

গাইটাল, কিশোরগঞ্জ। টেলিফোন # ০৯৪১-৬২৯৮৫, মোবাইল # ০১৭১১-৬৭৫৮৯৫।


# সেবা প্রদান প্রতিশ্রুতি(Citizen's Charter)

## নাগরিক সেবাঃ

| ক্রঃনং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা(নাম,পদবী ফোন ও ইমেইল |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০১ | সমিতি গঠন | কোন এলাকার অভিষ্ট জনগাষ্ঠির সমন্বয়ে সমিতি গঠন করা হয়। কমপক্ষে ১৫ জন সদস্য নিয়ে সমিতি গঠন করা যায়,পরবর্তীতে সদস্য সংখ্যা ৫০ পর্যন্ত উন্নিত করা হয়। | * উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা(ইউডিবিও) কর্তৃক স্বীকৃতি পত্র।<br><br>প্রাপ্তিস্থানঃ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার কার্যালয় | বিনামূল্যে | ২১দিন | ইউডিবিও/মাঠ কর্মকর্তা |
| ০২ | সদস্য ভর্তি | এলাকার স্থায়ী,কায়িক পরিশ্রমি,সঞ্চয়ী মনোভাবাপন্ন,যাদের মোট আবাদযোগ্য জমির পরিমান ০.৫০ একরের বেশী এবং বয়স ১৮-৫৫ এর মধ্যে। | * ভর্তির আবেদনপত্র<br>* জাতীয় পরিচয় পত্রের কপি<br>* পাসপোর্ট সাইজের ছবি<br>* পাশ বহি<br><br>পাপ্তিস্থানঃ উপজেরা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার কার্যালয় | সদস্য ভর্তি ফি ২০/- | চলমান কার্যক্রম | ইউডিবিও/মাঠ কর্মকর্তা |
| ০৩ | দল গঠন | * সমিতির সমমনা সদস্যদের উদ্বুদ্ধকরণের মাধ্যমে দল গঠন করা হয়<br>* প্রতি ০৫ জন সদস্য নিয়ে একটি দল গঠিত হয়<br>* প্রতিদলে একজন দল সচীব থাকেন | * ইউডিবিও কর্তৃক দল গঠনের আবেদন গ্রহন ও স্বীকৃতি প্রদান<br>প্রাপ্তিস্থানঃ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার কার্যালয় | বিনামূল্যে | চলমান কার্যক্রম | ইউডিবিও/মাঠ কর্মকর্তা |
| ০৪ | সঞ্চয় | সমিতির সদস্যগন সমিতিতে অন্তর্ভূক্তির পর হতে পুঁজি গঠনের নিমিত্তে নিম্নরুপ পাঁচ(০৫) ধরনের সঞ্চয় স্কীম খোলার সূযোগ পান<br>১। সাধারন সঞ্চয় -সাপ্তাহিক জমা<br>২। সোনালী সঞ্চয়- মাস ভিত্তিক জমা<br>৩। মেয়াদী সঞ্চয়- এক কালীন জমা<br>৪। লাখ পতি সঞ্চয়-মাস ভিত্তিক জমা<br>৫। নিরাপত্তা সঞ্চয়- সপ্তাহ/মাস ভিত্তিক জমা | * আবেদনপত্র<br>* জাতীয় পরিচয় পত্রের কপি<br>* পাসপোর্ট সাইজের ছবি<br>* পাশ বহি<br><br>পাপ্তিস্থানঃ উপজেরা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার কার্যালয় | সঞ্চয় ফরম বিনা মূল্যে<br>পাশ বহি ১০/- | চলমান কার্যক্রম | ইউডিবিও/মাঠ কর্মকর্তা |
| ০৫ | ক্ষুদ্র ঋণ | পিডিবিএফ সমিতির সদস্যগন সমিতির নিয়মানুসারে ৩,০০০/- টাকা হতে পর্যায়ক্রমে ৮০,০০০/- টাকা পর্যন্ত বিভিন্ন আয়বৃদ্ধি কমৃকান্ডে জামানত বিহীন ঋণ গ্রহন করতে পারেন। | * ঋণের আবেদনপত্র<br>* অংগীকার নামা<br>* ডিপি নোট<br>* ঋণ বিতরন খতিয়ান<br><br>পাপ্তিস্থানঃ উপজেরা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার কার্যালয় | আবেদন ফরম ১০/-<br>ঋন গ্রহন কালে ১টি রাজস্ব টিকিট দিতে হবে। | ৩-৫ দিন | ইউডিবিও/মাঠ কর্মকর্তা |
| ০৬ | ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ | ক্ষুদ্র উদ্যোক্তা/ ব্যবসায়ীগন পিডিবিএফ এর সদস্য হিসাবে অন্তর্ভূক্তির পর প্রতিষ্ঠানের নিয়মানুসারে ৫০,০০০/- টাকা হতে ৮,০০,০০০/- টাক পর্যন্ত বিভিন্ন প্রকল্পে ঋণ গ্রহন করতে পারেন। উক্ত ঋণের কিস্তি মাসিক ভিত্তিতে পরিশোধ করতে হয়। | * আবেদনপত্র<br>* আবেদনকারী ও জামিনদারের জাতীয় পরিচয় পত্রের কপি<br>* ট্রেড লাইসেন্সের ফটোকপি<br>* পাসপোর্ট সাইজের ছবি<br>* জামানত ও হলফ নামা<br>* ঋণ সংক্রান্ত কাগজপত্র | * আবেদন ফরম ১০০/-টাকা<br>* সেলপ এপ্রাইজাল ফি গৃহীত ঋণের ১%<br>* পাশ বহি ১০/- | ৫-৭ দিন | ইউডিবিও/এডিবিও(সেলপ) |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৭ | বীমা | পিডিবিএফ এর সকল সদস্য বীমা সুবিধা পেয়ে থাকেন। সদস্য অথবা সদস্যের স্বামী/স্ত্রী মারা গেলে নিজস্ব সঞ্চয় ফেরত পাওয়াসহ অবশিষ্ট ঋণ মওকুফের সূযোগ রয়েছে। মৃত্যুজনিত কারণে সৎকারের জন্য সদস্যের পরিবারকে ১০০০/- টাক প্রদান করা হয়। এছাড়া ক্ষুদ্র উদ্যোক্তাগনও এই বীমার সুবিধার আওতাভুক্ত হবেন। | * বীমা সংক্রান্ত ফরম পুরণ।<br><br>পাপ্তিস্থানঃ উপজেরা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার কার্যালয় | * ক্ষুদ্র ঋণ প্রতি হাজার ১০/-<br><br>* সেলপ ঋণ প্রতি হাজার ৫/- । | ৫-১০দিন | ইউডিবিও/এডিবিও (সেলপ) মাঠ কর্মকর্তা |
| ০৮ | প্রশিক্ষন | ক) দক্ষতা উন্নয়ন প্রশিক্ষনঃ<br>সমিতির সদস্যগনকে কৃষি ভিত্তিক আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন প্রদান করা হয়। | * প্রশিক্ষন চিঠি<br>* হাজিরা রেজিষ্টার | * রেজিষ্টেশন ফি ১০/-<br>* যাতায়াত ও আপ্যায়ন ব্যয় প্রতিষ্ঠান বহন করে। | ০২-০৩ দিন। | ডিডি,ইউডিবিও, জাতি গঠনমূলক সংস্থার কর্মকর্তাবৃন্দ |
| | | খ) প্যারাটেক মৌলিক/ আপগ্রেডিং প্রশিক্ষনঃ<br>সমিতি পর্যায়ে গ্রামীন জনগোষ্ঠীর মাঝে পিডিবিএফ এর বিভিন্নমূখী সেবা সুবিধা তাদের দোর গোঁরায় পৌছে দেয়ার লক্ষ্যে প্যারাটেক তৈরী করা হয়। প্রতি বছর নির্বাচিত সদস্যগনকে জেলা পর্যায়ে প্যারাটেক মৌলিক/আপগ্রেডিং প্রশিক্ষন প্রদান করা হয়। | * প্রশিক্ষন চিঠি<br>* হাজিরা রেজিষ্টার | * রেজিষ্টেশন ফি ১০/-<br>* যাতায়াত ও আপ্যায়ন ব্যয় প্রতিষ্ঠান বহন করে। | ০৩-০৫ দিন। | ডিডি,ইউডিবিও, জাতি গঠনমূলক সংস্থার কর্মকর্তাবৃন্দ |
| | | গ) নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষনঃ<br>পিডিবিএফ সমিতির সভানেত্রী ও দলনেতাদের নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন বিয়য়ে ০২(দুই) দিনের প্রশিক্ষন প্রদান করা হয়। | * প্রশিক্ষন চিঠি<br>* হাজিরা রেজিষ্টার | * রেজিষ্টেশন ফি ১০/-<br>* যাতায়াত ও আপ্যায়ন ব্যয় প্রতিষ্ঠান বহন করে। | ০২-০৩ দিন। | ডিডি,ইউডিবিও, জাতি গঠনমূলক সংস্থার কর্মকর্তাবৃন্দ ও স্থানীয় জন প্রতিনিধি |
| | | ঘ)প্রশিক্ষণ ফোরাম/উঠান বৈঠক:<br>সমিতির সকল সদস্যকে সপ্তাহে একবার প্রশিক্ষণ ফোরাম/উঠান বৈঠকের মাধ্যমে বছরের ৫২ সপ্তাহে ৫২টি বিষয়ের উপরে প্রশিক্ষণ প্রদানের মধ্য দিয়ে প্রায় সকল সদস্যকে শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, প্রাথমিক চিকিৎসা, স্যাটিটেশন, পরিবেশ, বনায়ন, সঞ্চয় ও ঋণ কার্যক্রম, নারীর আইনগত অধিকার ও ক্ষমতায়ন, জেন্ডার ও সামাজিক সচেতনতা ইত্যাদি বিষয়ে স্বচ্ছ ধারনা প্রদানসহ সচেতনতা সৃষ্টি করা হয়ে থাকে। | *সাপ্তাহিক প্রশিক্ষণ ফোরাম সহায়িকা<br>*হাজিরা রেজিষ্টার | বিনামূল্যে | ০১ দিন | মাঠ কর্মকর্তা/মাঠ সংগঠক |
| ০৯ | সোলার কার্যক্রম | * বিদ্যুৎ বিহীন এলাকার জনগোষ্ঠির মাঝে সোলার হোম সিস্টেম স্থাপন<br>* ইউনিয়ন জিডিটাল সেন্টারে সোলার হোম সিস্টেম স্থাপন<br>* ধর্মীয় প্রতিষ্ঠানে সোলার স্থাপন<br>* গুচ্ছ গ্রামে সোলার স্থাপন<br>* সোলার সেচ প্রকল্প<br>* সোলার স্টিট লাইট স্থাপন | * আবেদনপত্র<br>* চুক্তিপত্র<br>প্রাপ্তিস্থান: উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার কার্যালয় | ১২,২৪,৩৬টি সহজ কিস্তিতে পরিশোধযোগ্য | চলমান (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) | ইউডিবিও/সোলার কর্মকর্তা |
| ১০ | বিভিন্ন দিবস/মাস উদযাপন | পিডিবিএফ এর উদ্যোগে প্রধান কার্যালয় এবং সকল জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন জাতীয় এবং আন্তজাতিক দিবস নিয়মিত উদযাপন করা হয়। যেমন- আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস, আর্ন্তজাতিক নারী দিবস,স্বাধীনতা দিবস, বিজয় দিবস, জাতীয় শিশু দিবস, সেবা মাস ও পিডিবিএফ প্রতিষ্ঠা বার্ষিকী দিবস। এই সমস্ত দিবস সমূহে সর্বস্তরের জনপ্রতিনিধি, জেলা ও উপজেলার বিভিন্ন জাতি গঠনমূলক প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতিতে পিডিবিএফ কর্মকর্তা/কর্মচারী ও সুফলভোগী সদস্যদের নিয়ে র‍্যালির আয়োজন, গাছের চারা বিতরণ ও বিভিন্ন ধরনের পুরস্কার প্রদান করা হয়। | প্রয়োজনীয় চিঠিপত্র | বিনামূল্যে | নির্দিষ্ট দিন | প্রধান কার্যালয়/আঞ্চলিক কার্যালয়/উপজেলা কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১১ | পন্য বিপনন (পল্লী রং) | পিডিবিএফ এর সদস্যগনের বিভিন্ন ধরনের পন্য সামগ্রীর প্রচার ,প্রসার ও বাজাতজাতকরণের লক্ষ্যে ''পল্লী রং" নামে পন্য প্রদর্শন ও বিপনণ কেন্দ্র খোলা হয়েছে। সদস্যদের বিভিন্ন ধরনের তৈরি পোশাক, হ্যান্ডিক্রাফ্টস, তাঁতের প্রোডাক্টস ইত্যাদি পন্য বিপনন শুরু করেছে। | প্রাপ্তিস্থান: সমবায় অধিদপ্তরের ডিসপ্লে সেন্টার, আঁগারগাও, ঢাকা। | পন্যের ধরণ ও গুনগত মানের ভিত্তিতে | চলমান | অতিরিক্ত পরিচালক, মানব সম্পদ উন্নয়ন, প্রধান কার্যালয়, ঢাকা। |
| ১২ | নাগরিক সেবা সর্ম্পকিত তথ্য ওয়েব সাইটে উন্মুক্তকরণ | পিডিবিএফ এর ওয়েব সাইটের (www.pdbf.gov.bd) মাধ্যমে নাগরিক সেবা সর্ম্পকিত সকল ধরণের তথ্য ও কার্যক্রম প্রকাশ। ওয়েব সাইট থেকে তথ্য ডাউনলোডের সুবিধা নিশ্চিতকরণ । | - | - | সার্বক্ষনিক | অতিরিক্ত পরিচালক, মানব সম্পদ উন্নয়ন/তথ্য প্রযুক্তি বিভাগ, প্রধান কার্যালয়। |
| ১৩ | উন্নয়ন মেলা/ তথ্য ও প্রযুক্তি মেলা | জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত উন্নয়ন মেলা ও তথ্য প্রযুক্তি সহ অন্যান্য মেলায় নিয়মিতভাবে পিডিবিএফ স্টল দিয়ে থাকে। ফলে জনসাধারণ পিডিবিএফ এর সেবামূলক কার্যাক্রম সর্ম্পকে ধারণা লাভে সক্ষম হয়। | - | বিনামূল্যে | ৩-৫ দিন | প্রধান কার্যালয়/ আঞ্চলিক কার্যালয়/উপজেলা কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ। |